দূরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

**CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION**

সিএন্ডএফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম- ৪১০০

## নির্বাচন কমিশনের দপ্তর

প্রচার পত্র নং- ০৫/২০২৫ তারিখঃ ০৬/০১/২০২৫খ্রি.

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের সম্মানিত সদস্য/সদস্যাদের জানানো যাচ্ছে, অত্র এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদ নির্বাচন (২০২৫-২০২৭) আগামী ২৬/০২/২০২৫ইং, বুধবার সকাল ৯টা হতে বিকাল ৫টা পর্যন্ত নিম্নবর্ণিত তফশীল অনুযায়ী লেডিস ক্লাব, এস এস খালেদ রোড, চট্টগ্রাম এ অনুষ্ঠিত হবে।

## কার্যনির্বাহী পরিষদের নির্বাচন (২০২৫-২০২৭) এর তফশীল

| ক্রঃ নং | বিবরণ | তারিখ ও সময় | মন্তব্য/নির্দেশনা |
|---|---|---|---|
| ০১ | প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ | ০৮/০১/২০২৫ (বুধবার) বেলা ১২.০০টা | নির্বাচন কমিশনের নোটিশ বোর্ড ও এসোসিয়েশনের ওয়েবসাইট |
| ০২ | প্রাথমিক ভোটার তালিকা সম্পর্কিত আপত্তি দাখিল | ১৯/০১/২০২৫ (রবিবার) বিকাল ৩টা হতে ৫টা | নির্বাচন কমিশনের দপ্তর |
| ০৩ | প্রাথমিক ভোটার তালিকা সম্পর্কিত আপত্তির শুনানী ও নিষ্পত্তি | ২০/০১/২০২৫ (সোমবার) বিকাল ৩.০০টা | নির্বাচন কমিশনের দপ্তর |
| ০৪ | চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | ২১/০১/২০২৫ (মঙ্গলবার) বিকাল ৪.০০টা | নির্বাচন কমিশনের নোটিশ বোর্ড ও এসোসিয়েশনের ওয়েবসাইট |
| ০৫ | ভোটার তালিকাসহ মনোনয়নপত্র সংগ্রহ | ২৭/০১/২০২৫ (সোমবার) হতে ২৮/০১/২০২৫ (মঙ্গলবার) সকাল ১০টা হতে বিকাল ৪টা | ১৫,০০০/- টাকা পরিশোধ সাপেক্ষে নির্বাচন কমিশনের দপ্তর হতে সংগ্রহ করতে হবে। |
| ০৬ | মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ | ৩০/০১/২০২৫ (বৃহস্পতিবার) সকাল ১০টা হতে বেলা ১টা | নির্বাচন কমিশনের দপ্তর |
| ০৭ | দাখিলকৃত মনোনয়ন পত্র বাছাই | ০২/০২/২০২৫ (রবিবার) বেলা ৩.০০টা | নির্বাচন কমিশনের দপ্তর |
| ০৮ | বাছাই উত্তীর্ণ প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ | ০২/০২/২০২৫ (রবিবার) বিকাল ৫.০০টা | নির্বাচন কমিশনের নোটিশ বোর্ড |
| ০৯ | মনোনয়ন পত্র বাছাই সম্পর্কীত সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল দাখিল | ০৩/০২/২০২৫ (সোমবার) সকাল ১০টা হতে বেলা ১২.০০টা | নির্বাচন কমিশনের দপ্তর |
| ১০ | আপিল সংক্রান্ত শুনানী ও নিষ্পত্তি | ০৩/০২/২০২৫ (সোমবার) বেলা ১২.৩০টা | নির্বাচন কমিশনের দপ্তর |
| ১১ | প্রার্থীদের তালিকা প্রকাশ | ০৪/০২/২০২৫ (মঙ্গলবার) বিকাল ৩.০০টা | নির্বাচন কমিশনের নোটিশ বোর্ড |
| ১২ | প্রার্থীতা প্রত্যাহার পত্র দাখিলের শেষ তারিখ | ০৯/০২/২০২৫ (রবিবার) সকাল ১০টা হতে বেলা ১২টা | নির্বাচন কমিশনের দপ্তর |
| ১৩ | প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ | ০৯/০২/২০২৫ (রবিবার) বিকাল ৩.০০টা | নির্বাচন কমিশনের নোটিশ বোর্ড ও এসোসিয়েশনের ওয়েবসাইট |
| ১৪ | ভোট গ্রহনের তারিখ ও সময় | ২৬/০২/২০২৫ (বুধবার) সকাল ৯টা হতে বিকাল ৫টা | লেডিস ক্লাব, এস এস খালেদ রোড, চট্টগ্রাম। |
| ১৫ | ফলাফল প্রকাশ | একই দিন ভোট গণণার পর | নির্বাচন কমিশনের নোটিশ বোর্ড ও এসোসিয়েশনের ওয়েবসাইট |
| ১৬ | শপথ গ্রহণ অনুষ্ঠান | ০৩/০৩/২০২৫ (সোমবার) অপরাহ্ন ২-০০ঘটিকা | কনফারেন্স হল, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (৪র্থ তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম। |

বিঃ দ্রঃ (১) মনোনয়ন পত্র সংগ্রহ এবং দাখিলের ক্ষেত্রে নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীরা প্রতিষ্ঠানের লেটার হ্যাডে আবেদনের মাধ্যমে স্বয়ং অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে মনোনয়ন পত্র সংগ্রহ এবং দাখিল করতে পারবেন। ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধির ছবি ও স্বাক্ষর লেটার হ্যাডের মাধ্যমে আবেদনকারীকে সত্যায়িত করতে হবে।

(২) অনিবার্য কারণে উপরিউক্ত সময়সূচী অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে তা সম্পাদিত হবে।

২। এসোসিয়েশনের গঠনতন্ত্র মোতাবেক নিম্ন বর্ণিত কার্যনির্বাহী পরিষদের কাঠামো অনুযায়ী সর্বমোট ২৯টি পদে সরাসরি ভোট অনুষ্ঠিত হবে।

**কার্যনির্বাহী পরিষদের সাংগঠনিক কাঠামো ঃ**

| | |
|---|---|
| (১) সভাপতি | ১ জন |
| (২) ১ম সহ-সভাপতি | ১ জন |
| (৩) ২য় সহ-সভাপতি | ১ জন |
| (৪) ৩য় সহ-সভাপতি | ১ জন |
| (৫) সাধারণ সম্পাদক | ১ জন |
| (৬) ১ম যুগ্ম সাধারণ সম্পাদক | ১ জন |
| (৭) ২য় যুগ্ম সাধারণ সম্পাদক | ১ জন |
| (৮) অর্থ সম্পাদক | ১ জন |
| (৯) কাস্টমস্ বিষয়ক সম্পাদক | ১ জন |
| (১০) কাস্টমস্ বিষয়ক ১ম সহ সম্পাদক | ১ জন |
| (১১) কাস্টমস্ বিষয়ক ২য় সহ সম্পাদক | ১ জন |
| (১২) বন্দর বিষয়ক সম্পাদক | ১ জন |
| (১৩) বন্দর বিষয়ক ১ম সহ সম্পাদক | ১ জন |
| (১৪) বন্দর বিষয়ক ২য় সহ সম্পাদক | ১ জন |
| (১৫) প্রযুক্তি, প্রশিক্ষণ ও আইন বিষয়ক সম্পাদক | ১ জন |
| (১৬) প্রচার ও দপ্তর বিষয়ক সম্পাদক | ১ জন |
| (১৭) সাংস্কৃতিক, শ্রম ও সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক | ১ জন |
| (১৮) নির্বাহী সদস্য | ১২ জন |
| মোট | ২৯ জন |

৩। এসোসিয়েশনের গঠনতন্ত্রের অনুচ্ছেদ-১৮ (কার্যনির্বাহী পরিষদের নির্বাচন পদ্ধতি) অনুযায়ী নির্বাচন কমিশন কার্যনির্বাহী পরিষদের নির্বাচন পরিচালনা এবং ভোট গ্রহণ সম্পন্ন করবেন। সদস্য/সদস্যাদের এতদসংক্রান্ত নিয়মাবলী অবহিত করার লক্ষ্যে গঠনতন্ত্রের উক্ত অনুচ্ছেদ নিম্নে প্রদান করা হল।

**অনুচ্ছেদ নং-১৮ কার্যনির্বাহী পরিষদের নির্বাচন পদ্ধতি।**

(ক) কার্যনির্বাহী পরিষদের পদ ভিত্তিক নির্বাচন প্রযোজ্য বছরে ১৫ মার্চ তারিখের মধ্যে গোপন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

(খ) নির্বাচিত পরিষদের মেয়াদকাল ৩ (তিন) বৎসর হবে।

(গ) নির্বাচন কমিশন গঠনকল্পে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সদস্যদের মধ্য থেকে নিরপেক্ষ একজন প্রধান নির্বাচন কমিশনার ও দুইজন কমিশনার মনোনয়নের মাধ্যমে নির্বাচন কমিশন গঠন করতে হবে, গঠিত নির্বাচন কমিশন কার্যনির্বাহী পরিষদের নির্বাচন পরিচালনা করবেন। নির্বাচন কমিশনের সদস্যগণ উক্ত বার্ষিক সাধারণ সভায় নিরপেক্ষতার শপথ গ্রহণ করবেন এবং শপথনামায় স্বাক্ষর করবেন। নির্বাচন কমিশনের সদস্যগণকে অবশ্যই দক্ষ, ব্যক্তিত্বসম্পন্ন এবং গঠনতান্ত্রিক বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

(ঘ) কার্যনির্বাহী পরিষদের কোন কর্মকর্তা/সদস্য কিংবা আসন্ন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী কোন সদস্য নির্বাচন কমিশনের সদস্য হতে পারবেন না।

(ঙ) পদভিত্তিক নির্বাচনে কার্যনির্বাহী পরিষদের কর্মকর্তা ও সদস্যের সর্বমোট ২৯ টি পদের জন্য একজন ভোটার সর্বোচ্চ ২৯ টি ভোট প্রদান করতে পারবেন।

(চ) নির্বাচন অনুষ্ঠানের পরবর্তী ১০ দিনের মধ্যে অভিষেক অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে। অভিষেক অনুষ্ঠানে নব নির্বাচিত পরিষদ শপথ গ্রহণ করবেন। প্রধান নির্বাচন কমিশনার এ সভায় সভাপতিত্ব করবেন।

(ছ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে দুইজন সমান সংখ্যক ভোট পেলে নির্বাচন কমিশন লটারীর মাধ্যমে একজনকে নির্বাচিত ঘোষণা করবেন।

(জ) অত্র গঠনতন্ত্রের ৪নং অনুচ্ছেদে বর্ণিত 'ঘ' উপ-ধারা মোতাবেক নির্বাচন কমিশন ছবিযুক্ত হালনাগাদ ভোটার তালিকা প্রকাশ করবেন। ছবিযুক্ত ভোটার তালিকায় প্রতিষ্ঠানের পক্ষে যার নাম ও ছবি অন্তর্ভুক্ত থাকবে কেবলমাত্র তিনি ভোট দান ও নির্বাচনে প্রার্থী হতে পারবেন।

**ভোটার হওয়ার পদ্ধতিঃ**

ভোটার তালিকায় নাম ও ছবি অন্তর্ভুক্তির জন্য ব্যক্তি মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারীর নাম ও ছবি সরাসরি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবে।

অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ম্যানেজিং পার্টনার স্বয়ং অথবা ম্যানেজিং পার্টনার এর ক্ষমতার্পন পত্র (লেটার হ্যাডে পেষ্ট করা সীল ফটোসহ) ও বুকলেটের কপি যাচাই করে মনোনীত অংশীদারের নাম ও ছবি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবে।

লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে ক্ষমতার্পন পত্র ও বোর্ড সভার সিদ্ধান্ত (লেটার হ্যাডে পেষ্ট করা সীল ফটোসহ), সংঘ স্মারক ও সংঘ বিধি এবং বুকলেট এর কপি যাচাই করে মনোনীত চেয়ারম্যান বা ব্যবস্থাপনা পরিচালক অথবা পরিচালকের মধ্যে যে কোন একজনের নাম ও ছবি ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হবে।

(ঝ) নির্বাচন অনুষ্ঠানের ২৪ ঘন্টার মধ্যে নির্বাচন সংক্রান্ত অনিয়মের ব্যাপারে কোন প্রার্থী নির্বাচন কমিশনের নিকট লিখিতভাবে অভিযোগ করতে পারবেন। কমিশন পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে অভিযোগ যাচাই/বাছাইক্রমে সিদ্ধান্ত প্রদান করবেন।

(ঞ) এ গঠনতন্ত্রের আওতায় নির্বাচন কমিশন নির্বাচন অনুষ্ঠানের জন্য যাবতীয় বিধি বিধান প্রণয়ন করবেন। নির্বাচন সংক্রান্ত বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(ট) কার্যনির্বাহী পরিষদের কোন কর্মকর্তা বা সদস্য অব্যাহতি গ্রহণ অথবা অন্য কোন কারণে কোন পদ শূন্য হলে কার্যনির্বাহী পরিষদের সংখ্যাগরিষ্ট ভোটে কো-অপ্ট করে উক্ত শূন্য পদ পূরণ করা যাবে।

(ঠ) কোন কারণ বশতঃ সভাপতি কার্যনির্বাহী পরিষদ বাতিলের প্রয়োজন অনুভব করলে অথবা কার্যনির্বাহী পরিষদের সংখ্যাগরিষ্ট কর্মকর্তা/সদস্য পদত্যাগ করতে চাইলে জরুরী নির্বাহী সভা আহ্বানপূর্বক কার্যনির্বাহী পরিষদের ২/৩ অংশ সদস্যের অনুমোদন সাপেক্ষে সভাপতি কার্যনির্বাহী পরিষদ বাতিল করতে পারবেন। তবে এরূপ ক্ষেত্রে একই সভায় ৭(সাত) সদস্য বিশিষ্ট এডহক কমিটি গঠন করে দায়িত্ব হস্তান্তর করতে হবে। এডহক কমিটি দায়িত্ব গ্রহনের পর সাধারণ সভা আয়োজন করে ৯০ দিনের মধ্যে নুতন কার্যনির্বাহী পরিষদ নির্বাচনের জন্য নির্বাচন কমিশন গঠন করবেন।

(ড) যে সদস্য পূর্ববর্তী বছরের ৩১শে ডিসেম্বরের মধ্যে এসোসিয়েশনের সকল পাওনা পরিশোধ পূর্বক ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্ত করতে ব্যর্থ হয়েছেন তিনি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা ও ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন না।

(ঢ) প্রাকৃতিক দূর্যোগ কিংবা দেশে বিরাজমান বিরূপ পরিস্থিতির কারণে যথাসময়ে নির্বাচন অনুষ্ঠান করা সম্ভব না হলে, সে ক্ষেত্রে নির্বাচন কমিশন পরবর্তী ৩০ দিনের মধ্যে নির্বাচনের তারিখ পুনঃ নির্ধারণ করতে পারবেন। তবে পরবর্তী ৩০ দিনের মধ্যেও যদি নির্বাচন অনুষ্ঠান সম্ভব না হয় সেক্ষেত্রে বিশেষ সাধারণ সভা আহ্বানের মাধ্যমে সভার সিদ্ধান্ত মোতাবেক সময় বৃদ্ধি করা যাবে।"

৪। গঠনতন্ত্রের অনুচ্ছেদ নং-১৮(জ) এর আলোকে নির্বাচন কমিশন ছবিযুক্ত ভোটার তালিকা প্রকাশ করবেন। স্বত্বাধিকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী সরাসরি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবেন। লিমিটেড এবং পার্টনারশীপ প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ম্যানেজিং ডাইরেক্টর ও ম্যানেজিং পার্টনার স্বয়ং অথবা তাদের মনোনীত প্রতিনিধির নাম ও ছবি যথাযথ আবেদনের মাধ্যমে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হবে। লিমিটেড ও পার্টনারশীপ প্রতিষ্ঠানের মনোনীত ভোটারদের ছবিসহ তথ্য আহ্বান করে ইতোমধ্যে নির্বাচন কমিশনের প্রচার পত্র নং- ০২/২০২৪ ও প্রচার পত্র নং- ০৪/২০২৪ জারী করা হয়েছে। যে সকল লিমিটেড ও পার্টনারশীপ প্রতিষ্ঠান তাঁদের মনোনীত ভোটারের তথ্য ও ছবি অত্র দপ্তরে দাখিল করেননি, তাদের আগামী ১৯/০১/২০২৫ইং এর মধ্যে তা দাখিলের অনুরোধ করা হল।

৫। <u>ভোটার তালিকায় ভোটদাতা হিসেবে যাঁর নাম ও ছবি মুদ্রিত থাকবে কেবলমাত্র তিনি ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন।</u>

| | | |
|---|---|---|
| **আলহাজ্ব মোহাম্মদ হানিফ**<br>নির্বাচন কমিশনার | **আলহাজ্ব মোহাম্মদ শরিফ**<br>প্রধান নির্বাচন কমিশনার | **আলহাজ্ব নুর মোহাম্মদ**<br>নির্বাচন কমিশনার |